

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫৮

১/ বিবিধ

আরবী

كان يصفح النساء وعلى يده ثوب
ضعيف

أخرجه ابن عبد البر في " التمهيد " (1 / 24 / 3) من طريق سفيان عن منصور عن إبراهيم مرفوعا، وعن سفيان عن إسماعيل بن أبي خالد عن قيس بن أبي حازم مرفوعا نحوه. قلت: وهذان إسنادان مرسلان. ورواه أبو داود في " المراسيل " (ق 19 / 1) بسند صحيح عن الشعبي: " أن رسول الله صلى الله عليه وسلم حين بايع النساء أتى ببرد قطري، فوضعه على يده، وقال: لا أصافح النساء". وسكت عنه الحافظ ابن حجر في " تخریج الكشاف " (4 / 169 / 140). قلت: وقد وقفت عليه موصولا، ولكنه واه، أخرجه الطبراني في " الأوسط " (1 / 5 - من " زوائد المعجمين ") من طريق عتاب بن حرب أبي بشر المري: أنبأنا المضاء الخراز عن يونس بن عبيد عن الحسن عن معقب بن يسار مرفوعا: " كان يصفح النساء من تحت الثوب ". قلت: وهذا إسناد ضعيف جدا، عتاب هذا ضعفه الفلاس جدا

وقال ابن حبان: " كان ممن ينفرد عن الثقات بما لا يشبه حديث الأثبات على قلته، فلا يحتج به ". والمضاء هذا أورده ابن أبي حاتم (4 / 1 / 403) بهذه الرواية له وعنه، ولم يذكر فيه جرحا ولا تعديلا والحسن هو البصري، وكان مدلسا. والحديث قال الهيثمي في " المجمع " (6 / 39) : " رواه الطبراني في " الكبير " و " الأوسط " ، وفيه عتاب بن

حرب، وهو ضعيف"، وبيض له المناوي فلم يتكلم على إسناده بشيء! لكنه قوله: " لا
أصافح النساء". صحيح، له شواهد في " عبد الرزاق " (20685) وغيره، فانظر
الصحيحة " (529)

বাংলা

১৮৫৮। তিনি মহিলাদের সাথে মুসাফাহা করতেন এমতাবস্থায় যে, তাঁর হাতে কাপড় থাকত।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু আব্দুল বার “আততামহীদ” গ্রন্থে (৩/২৪/১) সুফইয়ান সূত্রে মানসূর হতে, তিনি ইবরাহীম হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন, এবং তিনি সুফইয়ান হতে, তিনি ইসমাঈল ইবনু আবু খালেদ হতে, তিনি কায়েস ইবনু আবী হযেম হতেও মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদ দুটিই মুরসাল।

আবু দাউদ “আলমারাসীল” গ্রন্থে (কাফ ১/১৯) সহীহ সনদে শা’বী হতে বর্ণনা করেছেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মহিলাদের সাথে বাইয়াত করতেন তখন অসমতল কুতরী কাপড় নিয়ে আসা হতো, তিনি সেটিকে নিজের হাতে রাখতেন এবং তিনি বলেনঃ আমি মহিলাদের সাথে মুসাফাহা করি না। হাফিয ইবনু হাজার এ হাদীসের ব্যাপারে “তাখরীজুল কাশশাফ” গ্রন্থে (৪/১৬৯/১৪০) চুপ থেকেছেন।

আমি (আলবানী) বলছিঃ আমি এটিকে মওসূল হিসেবে পেয়েছি। কিন্তু সেটি দুর্বল। সেটি ত্ববারানী “আলআওসাত” গ্রন্থে (১/৫) আত্তাব ইবনু হারব আবু বিশর মুররী সূত্রে মাযা আলখাররায় হতে, তিনি ইউনুস ইবনু ওবায়দ হতে, তিনি হাসান হতে, তিনি মাকিল ইবনু ইয়াসার হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন “তিনি কাপড়ের নিচে মহিলাদের সাথে মুসাফাহা করতেন।”

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। ফাল্লাস আত্তাবকে খুবই দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এককভাবে এমন কিছু বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত (কম হওয়া সত্ত্বেও) যেগুলোর নির্ভরযোগ্যদের হাদীসের সাথে সাদৃশ্যতা নেই। তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। আর বর্ণনাকারী মাযাকে ইবনু আবী হাতেম (৪/১/৪০৩) এ বর্ণনাতেই উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। আর হাসান হচ্ছেন বাসরী, তিনি মুদাল্লিস বর্ণনাকারী ছিলেন। হাইসামী “আলমাজমা” গ্রন্থে (৬/৩৯) বলেনঃ এটিকে ত্ববারানী “আলকাবীর” ও “আলআওসাত” গ্রন্থে বর্ণনা করেছেন। এর সনদে আত্তাব ইবনু হারব রয়েছে, যিনি দুর্বল। আর মানবী এ সনদের ব্যাপারে কোন কিছুই বলেননি।

তবে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস হিসেবে “আমি মহিলাদের সাথে মুসাফাহা করি না” এ টুকু সহীহ। “মুসনাদু আব্দুর রাজ্জাক” (২০৬৮৫) প্রমুখ গ্রন্থে এর শাহেদ বর্ণিত হওয়ার কারণে। দেখুন "সিলসিলাহ

সহীহাহ" (৫২৯)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72741>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন